

# বাংলাদেশ সরকারী কর্ম কমিশন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন  
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭  
www.bpsc.gov.bd

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অধীন  
প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মাঠ  
পর্যায়ের প্রাথমিক শিক্ষক প্রশিক্ষণ  
ইন্সটিটিউট (পিটিআই) এর ইন্সট্রাক্টর  
[চারু ও কারুকলা] [৯ম গ্রেড] পদের  
প্রার্থীদের লিখিত পরীক্ষা

## বিজ্ঞপ্তি

স্মারক নম্বর-৮০.১১১.০১১.০০.০০.১২.১৫(অংশ-৪/১৯)-১৪৫

তারিখ : ১৫ শ্রাবণ ১৪২৬ বঙ্গাব্দ  
৩০ জুলাই ২০১৯ খ্রিস্টাব্দ

বিষয় : প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অধীন প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মাঠ পর্যায়ের প্রাথমিক শিক্ষক প্রশিক্ষণ ইন্সটিটিউট (পিটিআই) এর ইন্সট্রাক্টর [চারু ও কারুকলা] [৯ম গ্রেড] এর শূন্য পদে সরাসরি নিয়োগের লক্ষ্যে প্রার্থীদের লিখিত পরীক্ষার তারিখ, সময়, আসন ব্যবস্থা এবং নির্দেশাবলি।

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অধীন প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মাঠ পর্যায়ের প্রাথমিক শিক্ষক প্রশিক্ষণ ইন্সটিটিউট (পিটিআই) এর ইন্সট্রাক্টর [চারু ও কারুকলা] [৯ম গ্রেড] এর শূন্য পদে নিয়োগের জন্য প্রার্থীদের ৪ ঘন্টা ব্যাপী লিখিত পরীক্ষার তারিখ, সময়, আসন ব্যবস্থা এবং জরুরি নির্দেশাবলি নিম্নে দেওয়া হলো :

### লিখিত পরীক্ষার তারিখ, সময়, আসন ব্যবস্থা ও জরুরি নির্দেশাবলি

পদের নাম, বিজ্ঞপ্তির তারিখ ও নম্বর	প্রার্থী সংখ্যা	কেন্দ্রের নাম	পরীক্ষার তারিখ ও সময়
ইন্সট্রাক্টর(চারু ও কারুকলা) ১ম শ্রেণি/৯ম গ্রেড তারিখ : ১৭.০৪.২০১৯ বিজ্ঞপ্তি ক্রমিক নম্বর : ১৪	৩৪৩ জন	শেরেবাংলা নগর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।	তারিখ : ২৪ আগস্ট ২০১৯ রোজ : শনিবার অপরাহ্ন ০১.০০ টা থেকে বিকাল ০৫.০০ টা পর্যন্ত

- প্রার্থীদের নতুন করে কোনো প্রবেশপত্র প্রেরণ করা হবে না। অনলাইনে প্রাপ্ত প্রবেশপত্র হারিয়ে গেলে/নষ্ট হলে কমিশনের [www.bpsc.gov.bd](http://www.bpsc.gov.bd) ওয়েবসাইট এবং টেলিটক বাংলাদেশ লিঃ এর <http://bpsc.teletalk.com.bd> ওয়েবসাইট থেকে প্রবেশপত্র ডাউনলোড করে সংগ্রহ করবেন।
- প্রবেশপত্র ব্যতীত কোনো প্রার্থী পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না।
- পরীক্ষার নির্ধারিত সময়ের কমপক্ষে ১৫ মিনিট আগে আসন গ্রহণ করতে হবে। পরীক্ষা শুরু হওয়ার ১৫ মিনিট পর কোনো প্রার্থীকে পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শুরু হওয়ার ২ ঘণ্টার মধ্যে কোনো প্রার্থী পরীক্ষা কক্ষ ত্যাগ করতে পারবে না।
- প্রার্থীদেরকে বিশেষভাবে সতর্ক করা যাচ্ছে যে, উত্তরপত্রে রেজিস্ট্রেশন নম্বর সঠিকভাবে না লিখলে এবং সঠিকভাবে বৃত্ত পূরণ না করলে, কোনোরূপ কাটাকাটি করলে, উত্তরপত্রে ফুইড লাগালে তার প্রার্থিতা বাতিল হবে।
- হাজিরা তালিকায় প্রত্যেক প্রার্থীর রেজিস্ট্রেশন নম্বর এবং নামের পাশে তার ছবি ও প্রবেশপত্রের অনুরূপ স্বাক্ষর মুদ্রিত থাকবে। প্রবেশপত্রের ছবি ও স্বাক্ষরের সঙ্গে হাজিরা তালিকার ছবি ও স্বাক্ষর মিলিয়ে দেখা হবে, মিল না থাকলে উক্ত প্রার্থীকে বহিষ্কার এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ভূয়া প্রার্থীদের বিরুদ্ধে বিশেষ তল্লাশি অভিযান পরিচালনার ব্যবস্থা করা হবে। পরীক্ষা কেন্দ্রে বই-পুস্তক, ব্যাগ, ভ্যানিটি ব্যাগ, হাতঘড়ি, পকেটঘড়ি, ইলেকট্রনিক ঘড়ি, মোবাইল ফোন, ঘড়ি সদৃশ মোবাইল ফোন বা কোনোরূপ ইলেকট্রনিক ডিভাইস আনা সম্পূর্ণ নিষিদ্ধ। নিষিদ্ধ ঘোষিত সামগ্রী পাওয়া গেলে তা বাজেয়াপ্ত করে তার প্রার্থিতা বাতিল করা হবে। উক্ত প্রার্থীকে বহিষ্কার করে তার বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- প্রতিবন্ধী পরীক্ষার্থীদের মধ্যে যাদের শ্রুতিলেখক প্রয়োজন তাদের আগামী ২১ আগস্ট ২০১৯ তারিখের মধ্যে (অফিস চলাকালীন সময়ে) শ্রুতিলেখকের জন্য কমিশনের ঢাকাস্থ প্রধান কার্যালয়ের পরিচালক, ইউনিট-১১ বরাবর আবেদনপত্র দাখিল করতে হবে। প্রাপ্ত আবেদনপত্র বিবেচনান্তে কর্ম কমিশন হতে শ্রুতিলেখক প্রদান করা হবে।

